

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.২১৩.২০১২-২৭

তারিখ : ০৪ জানুয়ারি ২০১৮

বিষয়: ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলা পরিষদের ২টি মেহগিনি ও ০১টি রেইনট্রি জীবিত গাছ নিলামে বিক্রয়।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজাপুর, ঝালকাঠি এর স্মারক নং-০৫.১০.৪২৮৪.০০১.১১.০০৮.১৭-৯৫১;
তারিখ: ১৭ ডিসেম্বর ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের ১৫ আগস্ট ২০০৭ তারিখের ৩৮৪ নং স্মারকে জারীকৃত পরিপত্র এবং পরিবেশ ও বন মন্ত্রণালয় এর ১০ মে ২০১০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এতদসঙ্গে প্রেরণ করা হলো। ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলা পরিষদের ২টি মেহগিনি ও ০১টি রেইনট্রি জীবিত গাছ কর্তন ও নিলামে বিক্রয়ের লক্ষ্যে উক্ত পরিপত্রের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির মতামত ও সুপারিশ গ্রহণ করে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:পাতা।

J. M. M.
০৪/০১/২০১৮
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
রাজাপুর, ঝালকাঠি।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, ঝালকাঠি।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজাপুর, ঝালকাঠি।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।